বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ:
২৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১৬.৩৯৯.১৮.৩

বিষয়: **জাতীয় পল্লী উন্নয়ন পদক-২০২৩ প্রদানের নিমিত্ত ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের মনোনয়ন আহ্বান।**

পল্লী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২০২৩ সালের 'জাতীয় পল্লী উন্নয়ন পদক' প্রদানের লক্ষ্যে 'জাতীয় পল্লী উন্নয়ন পদক (সংশোধন) নীতিমালা-২০২১' অনুযায়ী যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের মনোনয়ন আহ্বান করা হচ্ছে। প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়াদি বিবেচনায় রাখতে হবে:

(ক) প্রার্থী ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের কার্যক্রম সংক্রান্ত সুস্পষ্ট দৃশ্যমান কালার ছবি (একাধিক) এবং সম্ভাব্য ক্ষেত্রে ভিডিও ডকুমেন্ট থাকতে হবে।

(খ) একক ব্যক্তি-প্রার্থীর ক্ষেত্রে তার পাসপোর্ট সাইজ ছবি, দলভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে তাদের গ্রুপ ছবি এবং প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের ক্ষেত্রে নামফলকসহ ছবি থাকতে হবে।

(গ) প্রার্থী ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠন যাই হোক না কেন, তাদের কার্যক্রমের বিস্তারিত বিবরণ সম্বলিত এক/দুই পাতার সুলিখিত রচনা (সাইটেশন) থাকতে হবে। সাইটেশন লেখার সময় বিবেচনায় রাখতে হবে যে, প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সাইটেশনের বক্তব্য পর্যালোচনায় আসবে এবং চূড়ান্তভাবে নির্বাচিতদের সাইটেশন গ্রন্থাকারে ছাপা হবে।

(ঘ) সংগঠনভিত্তিক মনোনয়নের ক্ষেত্রে ব্যক্তিকে মনোনীত করা যাবে না, ঐ সংগঠনকেই মনোনীত করতে হবে।

(ঙ) দশটি ক্যাটাগরির প্রতিটির বিপরীতে উপজেলা কমিটি ১টি, জেলা কমিটি ২টি এবং বিভাগীয় কমিটি অনধিক ৩টি করে মনোনয়ন প্রস্তাব করবেন।

(চ) বিভাগীয় কমিটিতে সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন সংশ্লিষ্ট বিভাগীয় সদরের বিআরডিবি'র উপপরিচালক। তিনি সংশ্লিষ্ট জেলাসমূহের নির্বাচিত তালিকা বিভাগীয় কমিটিতে উপস্থাপন করবেন।

(ছ) মনোনয়ন যাই হোক না কেন, আবশ্যিকভাবে উপজেলা ও জেলা কমিটিতে তা উপস্থাপনপূর্বক রেজুলিউশন করতে হবে। কোন উপজেলা-জেলার শূন্য মনোনয়ন হতে পারবে না; তবে বিশেষ ক্ষেত্রে শূন্য মনোনয়ন হলেও তা সংশ্লিষ্ট উপজেলা-জেলা কমিটির সভায় উপস্থাপন করে সিদ্ধান্ত নিতে হবে।

(জ) যথাযথ স্বাক্ষরিত/প্রত্যয়নকৃত কাগজপত্র ছাড়াও সকল কাগজপত্রের সফটকপি ddcoop@brdb.gov.bd ও adcoop@brdb.gov.bd ওয়েবমেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং অবশ্যই তা নিকস্ (Nikosh) ফন্টে হতে হবে।

(ঝ) সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রার্থীর কর্মসাফল্য মূল্যায়ন সংক্রান্ত একটি নমুনা 'মূল্যায়ন ছক' এখানে সংযুক্ত করা হলো। ছক অনুযায়ী প্রার্থীদের কার্যক্রম মূল্যায়ন করতে হবে।

২। এমতাবস্থায়, আগামী ২২ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে উপজেলা কমিটি, ২১ মে ২০২৪ তারিখের মধ্যে জেলা কমিটি এবং ১৩ জুন ২০২৪ তারিখের মধ্যে বিভাগীয় কমিটি কর্তৃক ক্যাটাগরিভিত্তিক ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনসমূহের মনোনয়ন চূড়ান্ত করার জন্য অনুরোধ করা হলো।

৩। প্রার্থী তালিকাসহ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী বিআরডিবি'র সংশ্লিষ্ট বিভাগীয় সদরের উপরিচালকগণ আগামী ২০ জুন ২০২৪ তারিখের মধ্যে পরিচালক (সরেজমিন) বরাবর প্রেরণ করবেন।

২৪-০৩-২০২৪
কাজী হোসনে আরা, যুগ্মসচিব
ও পরিচালক (সরেজমিন)
০২৪১০১০৩২২ (ফোন)
drfs@brdb.gov.bd

উপপরিচালক, জেলাদপ্তর (সকল'),বিআরডিবি।।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১৬.৩৯৯.১৮.৩/১ (৯)

তারিখ: ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল বিভাগীয় কমিশনার;
২। সকল জেলা প্রশাসক;
৩। যুগ্মপরিচালক (সকল'), বিআরডিবি, ঢাকা।;
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা);
৭। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল উপজেলা)। এবং
৯। পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা) এর একান্ত সহকারী,বিআরডিবি, ঢাকা।

২৮-০৩-২০২৪
মোহাম্মদ শহীদ উল্যাহ্
উপপরিচালক (সমবায়)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) মুল্যায়ন ছক

জাতীয় পল্লি উন্নয়ন পদক-২০২৩

উপজেলা/জেলা/বিভাগ:

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

ক্যাটাগরি/শ্রেণির নাম:

মূল্যায়ন ছক (উপজেলা/জেলা/বিভাগভিত্তিক)

| উপজেলা/জেলা/ বিভাগ এর নাম | প্রস্তাবিত ব্যক্তি/প্রতিষ্ঠান/ সমিতি/সংগঠন এর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর | শ্রেণিভিত্তিক মানদন্ড (পূর্ণমান-১০০) | শ্রেণিভিত্তিক কর্মসাফল্য (সাইটেশন) এর সংক্ষিপ্ত বর্ণনা | উপজেলা/জেলা/বিভাগীয় কমিটি কর্তৃক প্রদত্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ক) | | | |
| | | খ) | | | |
| | | গ) | | | |
| | | ঘ) | | | |
| | | ঙ) | | | |
| | | | মোট নম্বর ও অবস্থান | | |

ক) উপজেলা পর্যায়ে মনোনিত ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠন এর কর্মসাফল্যের তথ্য সমৃদ্ধ বিস্তারিত বিবরণ, প্রমাণক, ডকুমেন্টারী, ছবি ও প্রয়োজনে ভিডিও ক্লিপ সংযোজন করে বই আকারে/স্পাইরাল বাইন্ডিং করে সাইটেশন তৈরী করতে হবে এবং বিভাগীয় পর্যায়ে মনোনিত ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠন এর তালিকানুযায়ী উক্ত সাইটেশন সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

খ) বিভাগীয় পর্যায়ে উপরিউক্ত মূল্যায়ন ছকে জাতীয় পল্লি উন্নয়ন পদক (সংশোধন) নীতিমালা-২০২১ অনুযায়ী ক্যাটাগরিভিত্তিক পৃথক পৃথক মানদন্ড অনুযায়ী মূল্যায়ন (নম্বর প্রদান) করে অবস্থানভিত্তিক (১ম, ২য় ও ৩য়) ক্রমিকে সাজিয়ে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

গ) উপজেলা ও জেলা কমিটি কর্তৃক প্রদত্ত মূল্যায়ন ছক অনুসরণ করে মূল্যায়ন করতে হবে।

ঘ) মূল্যায়ন ছকে শ্রেণিভিত্তিক কর্মসাফল্য (সাইটেশন) এর সংক্ষিপ্ত বর্ণনা থাকতে হবে।

ঙ) উপজেলা, জেলা ও বিভাগীয় কমিটির সভার রেজুলেশন ও মূল্যায়ন ছক সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

চ) প্রতিষ্ঠান/সমিতি/সংগঠন এর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নাম ও মোবাইল নম্বর থাকতে হবে।

# জাতীয় পল্লি উন্নয়ন পদক (সংশোধন) নীতিমালা, ২০২১

## ভূমিকা

২০২১ সালে বাংলাদেশ ৫০ বছরে পা রেখেছে। সুবর্ণ জয়ন্তীর এই লগ্নে বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক ও অর্থনৈতিকভাবে সমৃদ্ধি লাভ করে ক্ষুধামুক্ত এক নিরাপদ বাংলাদেশ আমরা গড়তে চাই। আমরা ইতোমধ্যে স্বল্প উন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হয়েছি। মাথাপিছু আয়, গড় আয়ুসহ বিভিন্ন সূচকে বাংলাদেশের ইতিবাচক পরিবর্তন হচ্ছে। গ্রামে বসবাস করলেও শহরের আধুনিক সুযোগ-সুবিধা পৌছে যাচ্ছে দ্রুত। বিচ্ছিন্ন চর বা দুর্গম পাহাড়ে এখন বৈদ্যুতিক আলোর ঝলকানি, পরিপূর্ণ হয়েছে জীবন-যাপনের সকল আয়োজনে। গ্রামীণ জনগোষ্ঠীর জন্য বিভিন্ন ধরনের পল্লি সংগঠন তৈরী, সংগঠনে ক্ষুদ্র ক্ষুদ্র তহবিল সরবরাহ করা, প্রশিক্ষণ প্রদান, স্থানীয়ভাবে খাদ্যের উৎপাদন বৃদ্ধি, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ, দক্ষ মানব সম্পদ সৃষ্টি, নারীর ক্ষমতায়ন এবং পল্লি উন্নয়নে প্রায়োগিক গবেষণা চলমান রাখার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে। এর অধীন সংস্থা বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), সমবায় অধিদপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) বহুমুখী গ্রামীণ উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্ত হয়ে অনুকরণীয় উদাহরণ সৃষ্টি করে দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে অবিস্মরণীয় অবদান রেখে চলেছে। তার ফলশ্রুতিতে বর্তমানে দেশের দারিদ্র্য বিমোচনের হার উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। যাঁরা এ ক্ষেত্রে অবদান রেখে চলেছেন, জাতীয়ভাবে তাঁদের উত্তম কাজের স্বীকৃতি প্রদানের জন্য জাতীয় পল্লি উন্নয়ন পদক প্রবর্তন করা হয়। এর মাধ্যমে পল্লি উন্নয়নমূলক নানাবিধ কর্মকান্ডে বিভিন্ন ব্যক্তি, গোষ্ঠী, সংগঠন এবং প্রতিষ্ঠানকে সুস্থ প্রতিযোগিতায় আগ্রহী করে তোলা সম্ভব হচ্ছে যা পল্লি উন্নয়নের গতি ত্বরান্বিত করবে ও এসডিজি'র (টেকসই উন্নয়ন) লক্ষ্যমাত্রা অর্জনে বলিষ্ঠ ভূমিকা রাখবে।

## ২। উদ্দেশ্য

(১) দারিদ্র্য বিমোচনে দৃষ্টান্তমূলক অবদান রাখা;

(২) পল্লি উন্নয়নে উদ্যোগ, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও মানব সম্পদ উন্নয়নকে উৎসাহিত করা;

(৩) পল্লির আর্থ-সামাজিক উন্নয়নের গতি ত্বরান্বিত করা;

(৪) জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় পল্লি উন্নয়নের কার্যক্রমকে জোরদার করা;

(৫) নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা;

(৬) প্রতিটি পরিবারকে উন্নয়নের কেন্দ্র বিন্দুতে পরিণত করা;

(৭) পল্লি উন্নয়নে প্রায়োগিক গবেষণা জোরদার করা;

(৮) পল্লি উন্নয়নের ব্যতিক্রমী উদ্ভাবন, উদ্যোগ, আগ্রহ, উদ্দীপনা ও সুস্থ প্রতিযোগিতার সৃষ্টি করা;

(৯) বিভিন্নমূখী পুঁজি গঠন ও সম্পদ সৃষ্টি এবং তার সর্বোত্তম ব্যবহারে উৎসাহ সৃষ্টি করা;

(১০) স্বয়ম্ভরতা অর্জন করা;
(১১) কার্যকর পল্লি সংগঠন সৃষ্টি করা;
(১২) পল্লি উন্নয়নে নেতৃত্বের বিকাশ।

## ৩। পুরস্কারের শ্রেণিবিভাগ

(১) পল্লি উন্নয়নে সফল উদ্যোগ;
(২) পল্লি সংগঠনভিত্তিক ক্ষুদ্র ঋণের সফল ব্যবহার;
(৩) পল্লি উন্নয়নে নবায়নযোগ্য শক্তির ব্যবহার, বর্জ্য ব্যবস্থাপনা এবং পরিবেশ সুরক্ষায় অবদান;
(৪) দক্ষ মানব সম্পদ সৃষ্টি ও ব্যবহার;
(৫) স্থানীয়ভাবে খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ;
(৬) সংগঠনভিত্তিক মাইক্রো সেভিংস এর অনুশীলন বৃদ্ধিকরণ ও পুঁজি গঠন;
(৭) নারী উন্নয়নে যথাযথ উদ্যোগ গ্রহণ (শুধুমাত্র নারী উদ্যোক্তাদের জন্য);
(৮) পল্লি উন্নয়ন ও প্রায়োগিক গবেষণায় বিশেষ অবদান;
(৯) কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ব্যতিক্রমধর্মী, উল্লেখযোগ্য ও অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন;
(১০) পল্লি উন্নয়নে সফল নেতৃত্ব।

## ৪। পুরস্কারের ধরন ও প্রকৃতি

২২ ক্যারেটের ১০ গ্রাম ওজনের স্বর্ণপদকসহ একটি সম্মাননাপত্র। পুরস্কারের সংখ্যা অনধিক ১০টি।

## ৫। জাতীয় পল্লি উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান

৫.১ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী জাতীয় পল্লি উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন;

৫.২ সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ জাতীয় পল্লি উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান পরিচালনা করবেন;

৫.৩ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড যৌথভাবে জাতীয় পল্লি উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান আয়োজনে যাবতীয় দায়িত্ব পালন করবে।

৫.৪ জাতীয় পল্লি উন্নয়ন ও সমবায় দিবস কিংবা অন্য কোন সুবিধাজনক সময়ে এ পুরস্কার প্রদান করা হবে।

## ৬। বাছাই পদ্ধতি

(১) নীতিমালার সংযুক্ত ছক ও পুরস্কারের শ্রেণিভিত্তিক মনোনয়নের মানদন্ড অনুযায়ী নম্বর প্রদানপূর্বক প্রার্থী বাছাই করা হবে।

(২) উপজেলা কমিটি মানদন্ডের আলোকে সর্বমোট ১০০ এর মধ্যে নম্বর প্রদান করে প্রতি শ্রেণি হতে ১(এক)টি করে ১০(দশ)টি শ্রেণিতে সর্বোচ্চ ১০(দশ) ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে মনোনীত করে জেলা কমিটির নিকট প্রেরণ করবে। মোট ১০০ নম্বরের বাছাই প্রক্রিয়ায় কমপক্ষে ৬০ নম্বর না পেলে কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না। পদকের জন্য মনোনীতদের সাইটেশন/ডকুমেন্টরী/ভিডিও ক্লিপ আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

(৩) জেলা কমিটি, উপজেলা কমিটি থেকে প্রাপ্ত মনোনয়ন পরবর্তী ১৫ কর্মদিবসের মধ্যে মানদন্ডের আলোকে সর্বমোট ১০০ এর মধ্যে নম্বর প্রদানপূর্বক প্রতি শ্রেণি হতে অনধিক ২(দুই)টি করে ১০(দশ)টি শ্রেণিতে সর্বোচ্চ ২০(বিশ) ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে মনোনীত করে বিভাগীয় কমিটির নিকট প্রেরণ করবে। মোট ১০০ নম্বরের বাছাই প্রক্রিয়ায় কমপক্ষে ৬০ নম্বর না পেলে কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না।

(৪) বিভাগীয় কমিটি জেলা কমিটি থেকে মনোনয়ন প্রাপ্তির ১৫ কর্মদিবসের মধ্যে মানদন্ডের আলোকে উপযুক্ত বিবেচনায় প্রতিটি শ্রেণি হতে অনধিক ৩(তিন)টি করে ১০(দশ)টি শ্রেণিতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে মনোনীত করে জাতীয় কমিটিতে প্রেরণ করবে।

(৫) বিভাগীয় কমিটি থেকে মনোনয়ন প্রাপ্তির পর জাতীয় কমিটি সার্বিক অবদান বিবেচনা করে জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে শ্রেষ্ঠ অবস্থান চূড়ান্তভাবে নির্বাচন করবে।

(৬) জাতীয় পর্যায়ে পদক প্রাপ্ত শ্রেষ্ঠ ব্যক্তি/ প্রতিষ্ঠান একবারই পদকের জন্য মনোনীত হবেন।

(৭) দারিদ্র্য বিমোচন তথা পল্লি উন্নয়নে স্মরণীয় অবদান রাখার জন্য বাংলাদেশে কর্মরত কোন বিদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরকারের অনুমতি নিয়ে এই পদক প্রদান করা যেতে পারে।

(৮) জাতীয় কমিটি অধিকতর তথ্য ও অনুসন্ধানের ভিত্তিতে বিশেষ বিবেচনায় উপযুক্ত ব্যক্তি / প্রতিষ্ঠানকে যে কোন ক্ষেত্রে পদক প্রদানের জন্য চূড়ান্তভাবে মনোনীত করতে পারবে।

## ৭। বিভিন্ন পর্যায়ে নির্বাচন কমিটি গঠন

### ৭.১ জাতীয় কমিটি

(১) মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় - সভাপতি

(২) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ - সহ সভাপতি

(৩) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা - সদস্য

(৪) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা - সদস্য

(৫) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া - সদস্য

(৬) মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ - সদস্য

(৭) অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব (প্রতিষ্ঠান),পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ - সদস্য

(৮) প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য

(৯) প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য

(১০) প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য

(১১) প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য

(১২) প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য

(১৩) প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য

(১৪) প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য

(১৫) সভাপতি, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন - সদস্য

(১৬) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) - সদস্য

(১৭) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে মনোনীত জাতীয় পল্লি উন্নয়ন পদক প্রাপ্ত দু'জন বিশিষ্ট ব্যক্তি (২ বছরের জন্য) -সদস্য

(১৮) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) -সদস্য সচিব

### ৭.২ বিভাগীয় কমিটি

| | | |
|---|---|---|
| (১) | বিভাগীয় কমিশনার | - সভাপতি |
| (২) | জেলা প্রশাসক (সকল) (সংশ্লিষ্ট বিভাগ) | - সদস্য |
| (৩) | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - সদস্য |
| (৪) | উপপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর | - সদস্য |
| (৫) | উপপরিচালক, মৎস্য অধিদপ্তর | - সদস্য |
| (৬) | যুগ্ম-নিবন্ধক, সমবায় সমিতিসমূহ, সমবায় অধিদপ্তর (সংশ্লিষ্ট বিভাগ) | - সদস্য |
| (৭) | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (বিভাগীয় জেলা দপ্তর) | - সদস্য |
| (৮) | প্রতিনিধি, বার্ড (চট্টগ্রাম বিভাগে)/ আরডিএ (রাজশাহী/রংপুর/ময়মনসিংহ বিভাগে)/বাপার্ড (ঢাকা বিভাগে) (উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয়) | - সদস্য |
| (৯) | বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/ উপপরিচালক, বিভাগীয় জেলা দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | - সদস্য সচিব |

### ৭.৩ জেলা কমিটি

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | -সভাপতি |
| (২) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | -সদস্য |
| (৩) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর | - সদস্য |
| (৪) | জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর | - সদস্য |
| (৫) | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | - সদস্য |
| (৬) | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | - সদস্য |
| (৭) | উপপরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | - সদস্য |
| (৮) | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | - সদস্য |
| (৯) | জেলা সমবায় অফিসার, সমবায় অধিদপ্তর | - সদস্য |
| (১০) | উপপরিচালক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) | - সদস্য |
| (১১) | এনজিও প্রতিনিধি- ১(এক)জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| (১২) | উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা) | -সদস্য-সচিব। |

### ৭.৪ উপজেলা কমিটি

| | | |
|---|---|---|
| (১) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | - প্রধান উপদেষ্টা |
| (২) | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ (২ জন) | - উপদেষ্টা |
| (৩) | উপজেলা নির্বাহী অফিসার | - সভাপতি |
| (৪) | উপজেলা কৃষি কর্মকর্তা | - সদস্য |
| (৫) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | - সদস্য |
| (৬) | উপজেলা মৎস্য কর্মকর্তা | - সদস্য |
| (৭) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| (৮) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - সদস্য |
| (৯) | উপজেলা সমবায় কর্মকর্তা | - সদস্য |
| (১০) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - সদস্য |
| (১১) | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা | - সদস্য |
| (১২) | সভাপতি, ইউসিসিএ লি. | - সদস্য |
| (১৩) | সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট পল্লি উন্নয়ন/ সমাজকর্মী (প্রতি ২ বছরের জন্য) | - সদস্য |
| (১৪) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি | -সদস্য-সচিব |

৮. জাতীয় পল্লি উন্নয়ন পদকের মূল্যায়নের জন্য এই নীতিমালার উদ্দেশ্য এবং পুরস্কারের শ্রেণি বিভাগের আলোকে দৃষ্টান্তমূলক অবদান রাখার জন্য সর্বোচ্চ ১০ (দশ) ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে নির্বাচনের জন্য বিবেচনা করা হবে।

স্বাক্ষরিত
০৮/০৬/২০২১
**মোঃ রেজাউল আহসান**
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

## জাতীয় পল্লি উন্নয়ন পদক এর জন্য প্রস্তাবিত ব্যক্তি/প্রতিষ্ঠান/ সমিতি/সংগঠন সম্পর্কিত তথ্য ছক

| |
|---|
| প্রস্তাবিত ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/সংগঠন প্রধানের পাসপোর্ট আকারের ১টি ছবি |

(১) জাতীয় পল্লি উন্নয়ন পদকের জন্য প্রস্তাবিত ব্যক্তি / প্রতিষ্ঠান / সমিতি / সংগঠনের নাম: (ব্যক্তি হলে পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, নিজ জেলা ও জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ সত্যায়িত ফটোকপি)

(২) স্থায়ী ঠিকানা (টেলিফোন / মোবাইল / ফ্যাক্স/ ই-মেইল উল্লেখ করুন):

(৩) বর্তমান ঠিকানা (টেলিফোন / মোবাইল / ফ্যাক্স/ ই-মেইল উল্লেখ করুন):

(৪) শিক্ষাগত যোগ্যতা (ব্যক্তি অথবা প্রতিষ্ঠান / সমিতি / সংগঠন প্রধান):

(৫) যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের সুপারিশ করা হয়েছে সে ক্ষেত্রে সুপারিশকৃত ব্যক্তি / প্রতিষ্ঠান / সমিতি / সংগঠনের সংযুক্ত মানদন্ডের আলোকে বিবরণ (তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণাদি যেমন ঃ প্রতিবেদন, ডকুমেন্টরী, ভিডিও ক্লিপ ইত্যাদি সংযুক্ত করতে হবে):

(৬) ইতোপূর্বে বিশেষ কোন পুরস্কার / সম্মাননা পেয়ে থাকলে তার বিবরণ:

(৭) উল্লেখ করার মতো অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য থাকলে তার বিবরণ:

(৮) মরণোত্তর পদক প্রদানের ক্ষেত্রে মৃত্যুর তারিখ:

(৯) পদক বিতরণের সময় পদকপ্রাপ্ত ব্যক্তি কোন কারণে অনুপস্থিত থাকলে তাঁর পরিবর্তে যিনি পদক গ্রহণ করবেন তাঁর নাম, ঠিকানা, টেলিফোন / মোবাইল নম্বর, ই-মেইল নম্বর:

(প্রস্তাবকারীর স্বাক্ষর) (কমিটি প্রধান)
পূর্ণ ঠিকানা
সীল (প্রযোজ্য ক্ষেত্রে)
ফোন / ই-মেইল / ফ্যাক্স

**দ্রষ্টব্য ঃ** ১. প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযোজন করা যাবে।
২. এই নীতিমালা ও তথ্য ছক www.rdcd.gov.bd এবং www.brdb.gov.bd থেকেও ডাউনলোড করা যাবে।

## জাতীয় পল্লি উন্নয়ন পদক প্রদানের জন্য শ্রেণিভিত্তিক মনোনয়নের মানদন্ড

### প্রতি শ্রেণিতে সর্বমোট নম্বর ১০০

| | |
|---|---|
| **১। পল্লি উন্নয়নে সফল উদ্যোগ ঃ** | |
| ক) পল্লি উন্নয়নে গৃহীত উদ্যোগ | -২০ |
| খ) সৃষ্ট মূলধনের পরিমাণ | -২০ |
| গ) কর্মসংস্থান সৃষ্টি ও মানব সম্পদ উন্নয়ন | -৩০ |
| ঘ) আর্থ-সামাজিক উন্নয়নে অবদান | -২০ |
| ঙ) সাংস্কৃতিক উন্নয়নে অবদান | -১০ |
| **২। পল্লি সংগঠনভিত্তিক ক্ষুদ্র ঋণের সফল ব্যবহার ঃ** | |
| ক) পুঁজি গঠন ও সম্পদ সৃষ্টি | -২০ |
| খ) ক্ষুদ্র ঋণের ব্যবহার ও উৎসাহ সৃষ্টি | -২০ |
| গ) টেকসই কর্মসংস্থান সৃষ্টি | -২০ |
| ঘ) পল্লির দারিদ্র্য দূরীকরণে সংগঠনের ভূমিকা | -২০ |
| ঙ) পল্লির আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনে সংগঠনের প্রভাব | -২০ |
| **৩। পল্লি উন্নয়নে নবায়নযোগ্য শক্তির ব্যবহার, বর্জ্য ব্যবস্থাপনা এবং পরিবেশ সুরক্ষায় অবদান ঃ** | |
| ক) উদ্ভাবনের মৌলিকতা | -২০ |
| খ) নবায়নযোগ্য শক্তির ব্যবহার | -২০ |
| গ) প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আর্থিক সাশ্রয় | -২০ |
| ঘ) পরিবেশ সংরক্ষণে সাশ্রয়ী প্রযুক্তি ব্যবস্থাপনা | -২০ |
| ঙ) বর্জ্য সংগ্রহ এবং বর্জ্য সম্পদে রূপান্তর | -২০ |
| **৪। দক্ষ মানব সম্পদ সৃষ্টি ও ব্যবহার ঃ** | |
| ক) কার্যকর পল্লি সংগঠন সৃষ্টি | -২০ |
| খ) মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ প্রদান | -২০ |
| গ) আধুনিক প্রযুক্তির ব্যবহার | -২০ |
| ঘ) টেকসই ও মানসম্মত কর্মসংস্থান সৃষ্টি | -২০ |
| ঙ) মানব সম্পদের আর্থিক সমৃদ্ধির মূল্যায়ন | -২০ |
| **৫। স্থানীয়ভাবে খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ ঃ** | |
| ক) নিরাপদ ও পুষ্টিকর খাদ্য উৎপাদন | -২০ |
| খ) গ্রামীণ চাহিদা পূরণে সক্ষমতা | -১৫ |
| গ) স্থানীয় কাঁচামালের ব্যবহার | -২৫ |
| ঘ) লাগসই/সাশ্রয়ী প্রযুক্তির ব্যবহার | -২০ |
| ঙ) মার্কেট লিংকেজ তৈরীতে অবদান | -২০ |

**৬। সংগঠনভিত্তিক মাইক্রো সেভিংস এর অনুশীলন বৃদ্ধিকরণ ও পুঁজি গঠন ঃ**

ক) স্থানীয় চাহিদাভিত্তিক সংগঠন সৃষ্টি -২০

খ) সদস্যদের সঞ্চয় জমার মাধ্যমে পুঁজি গঠন -২৫

গ) আর্থিক শৃংখলা ও সঞ্চয়ের অর্থ বিনিয়োগে দক্ষতা -২০

ঘ) কর্মসংস্থান সৃষ্টি ও মাথাপিছু আয় বৃদ্ধি -২০

ঙ) পল্লির দারিদ্র্য দূরীকরণে সংগঠনের অবদান -১৫

**৭। নারী উন্নয়নে যথাযথ উদ্যোগ গ্রহণ (শুধুমাত্র নারী উদ্যোক্তাদের জন্য)ঃ**

ক) নারী নেতৃত্ব ও সমতাভিত্তিক সংগঠন সৃষ্টি -১০

খ) নারীর শারীরিক ও বৃত্তিমূলক শিক্ষা প্রদান -২৫

গ) নারীবান্ধব কর্মপরিবেশ সৃষ্টি -২৫

ঘ) নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক প্রথা নির্মূলে ভূমিকা -১৫

ঙ) কন্যা শিশুর অধিকার ও লিঙ্গ সমতা অর্জন এবং নারীর ক্ষমতায়নে অবদান -২৫

**৮। পল্লি উন্নয়ন ও প্রায়োগিক গবেষণায় বিশেষ অবদান ঃ**

ক) প্রায়োগিক গবেষণার বিষয়বস্তুর স্বকীয়তা -২০

খ) পল্লি উন্নয়ন গবেষণায় অর্জিত সাফল্য -২০

গ) সাশ্রয়ী প্রযুক্তি/কৌশল উদ্ভাবন/স্থানীয় পর্যায়ে গ্রহণযোগ্যতা -২০

ঘ) পল্লির আর্থ-সামাজিক উন্নয়নে গবেষণার অবদান -২০

ঙ) গবেষণার ফলাফল দেশীয়/আন্তর্জাতিক জার্নালে প্রকাশ -২০

**৯। কর্মকতা/কর্মচারী কর্তৃক ব্যতিক্রমধর্মী, উল্লেখযোগ্য ও অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন ঃ**

ক) ন্যায়বিচার প্রতিষ্ঠা, দুর্নীতি দমন, মানবাধিকার ও পরিবেশ সুরক্ষায় সুশাসন প্রতিষ্ঠা-২০

খ) পল্লির আর্থ-সামাজিক উন্নয়নে মননশীলতা ও দক্ষতার প্রয়োগ -২০

গ) জনগণকে সংগঠিতকরণ ও উন্নয়ন প্রক্রিয়ায় নেতৃত্ব প্রদান -২০

ঘ) সামাজিক সংগঠন/প্রতিষ্ঠান সৃষ্টি -২০

ঙ) জনকল্যাণে ব্যতিক্রমী/উদ্ভাবনী অবদান -২০

**১০। পল্লি উন্নয়নে সফল নেতৃত্ব ঃ**

ক) সামাজিক/সাংস্কৃতিক/অর্থনৈতিক ক্ষেত্রে নেতৃত্ব প্রদানে সুনাম ও দক্ষতা -২০

খ) জনগণকে উন্নয়ন কর্মকান্ডে উদ্বুদ্ধকরণে ভূমিকা -২০

গ) পল্লির আর্থ-সামাজিক উন্নয়নে সৃজনশীলতা ও দক্ষতার প্রয়োগ -২০

ঘ) পল্লি উন্নয়নকে জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্তকরণে অবদান -২০

ঙ) ন্যায়বিচার, লিঙ্গ সমতা, শান্তি-সম্প্রীতি প্রতিষ্ঠাকল্পে জনগণকে সম্পৃক্তকরণ -২০